



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
আইসিটি সেল



বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি মোঃ সেলিম ভূঁইয়া
ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ ২৬.০৫.২০২২ খ্রিঃ
সভার সময় বেলা ১২.০০ ঘটিকা
স্থান অনলাইন জুম ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

স্মারক নম্বর ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.১৯, তারিখ ২৪ মে ২০২২ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত অফিস আদেশের ভিত্তিতে অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর আওতায় [২.২.৩] কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি উপস্থাপন	সভায় আরপিসিএল এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর অগ্রগতি ও গত সভার গৃহীত সিদ্ধান্তগুলো বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক বিদ্যুৎ বিভাগের প্রেজেন্টেশনে অংশগ্রহণের পূর্বপ্রস্তুতি হিসাবে আরপিসিএল কর্তৃক প্রেজেন্টেশনের আয়োজন করা হয়েছে এবং সদর দপ্তরের ইনোভেশন টিম পুনর্গঠন করা হয়েছে।	বিদ্যুৎ বিভাগের প্রেজেন্টেশনে অংশগ্রহণের নিমিত্ত আরপিসিএল কর্তৃক আয়োজিত গত ১০.০৩.২০২২ ইং অনুষ্ঠিত প্রেজেন্টেশনের দিক-নির্দেশনা মোতাবেক আইডিয়া বাস্তবায়কারী প্রয়োজনীয় সংশোধনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	আইডিয়া বাস্তবায়কারী
২।	সভা/কর্মশালা আয়োজন	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে তিনটি অবহিতকরণ সভা ইতোমধ্যে সফল ভাবে সম্পন্ন হয়েছে। অবশিষ্ট আরো একটি সভা/ কর্মশালা বহিঃ এন্সপার্টের সহযোগিতায় করা যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী জুন মাসের সুবিধাজনক সময়ে সভা/ কর্মশালা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ট্রেনিং সেল, আরপিসিএল

৩।	অনসাইট মনিটরিং সিস্টেম স্থাপন	সভায় আগামী অর্থবছরে চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী প্রকল্প/উদ্যোগ গ্রহণের নিমিত্ত সম্ভাব্য ক্ষেত্র আলোচনা করা হয়। ইতোমধ্যে অনসাইট মনিটরিং সিস্টেম স্থাপনের বিষয়ে ওয়ার্টসিলার সাথে আলোচনা করা হয়েছে। গাজীপুর পাওয়ার প্ল্যান্টে আইডিয়াটি বাস্তবায়ন করা হবে।	১। গাজীপুর পাওয়ার প্ল্যান্টের মনিটরিং সিস্টেমটি সদর দপ্তর হতে মনিটরিং করার জন্য ওয়ার্টসিলার সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ২। ময়মনসিংহ পাওয়ার স্টেশনকে অনলাইন মনিটরিং আওতায় নিয়ে আসা যায় কিনা পর্যালোচনা করতে নির্বাহী প্রকৌশলী জনাব সাদ মুহাঃ সাবের কে নির্দেশনা প্রদান করা হয়।	নির্বাহী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল, আইএন্ডসি) জনাব শহীদুল ইসলাম (উপ-বিভাগীয় প্রকৌশলী) ও উপ-ব্যবস্থাপক (আইসিটি),
৪।	(২০২২-২৩) অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	সভায় (২০২২-২৩) অর্থবছরের খসড়া এপিএ তে উল্লেখিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা উপস্থাপন করা হয়। উক্ত কর্মপরিকল্পনায় ইতঃপূর্বে বাস্তবায়িত সেবার ডাটাবেজ প্রস্তুত ও সেগুলো চালু রাখার বিষয়ে জোর দেওয়া হয়েছে।	ইতঃপূর্বে বাস্তবায়িত ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম হুইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক
(প্রকৌশল), আরপিসিএল


স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.২০

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯

৩০ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ২) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ সারোয়ার জাহান
সহকারী ব্যবস্থাপক